**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 10/6/2022 **গভর্নর ক্যাথি হোকল**

**গভর্নর হোকল LIRR এলমন্ট-UBS এরিনা স্টেশনে দ্বিমুখী ইভেন্ট দিবস সেবা শুরুর ঘোষণা করলেন**

***আইল্যান্ডার্স ভক্ত, কনসার্ট গমনকারীরা এখন UBS এরিনা পর্যন্ত সরাসরি পশ্চিমমুখী ট্রেন ধরতে পারবে***

***এলমন্ট-UBS এরিনা স্টেশনের নতুন প্ল্যাটফর্মগুলি অ্যাক্সেসিবল এবং এখানে আছে আধুনিক সুযোগসুবিধা যেমন গ্রাহকদের পূর্বমুখী ও পশ্চিমমুখী প্ল্যাটফর্মে নিরাপদে পারাপার করতে দেওয়ার জন্য ওভারপাস***

***এলমন্ট-UBS এরিনা স্টেশন এই বছর একটি পূর্ণ-সেবার স্টেশন হবে***

***স্টেশনে রয়েছে নতুন শিল্পকর্ম যা আজকে উন্মোচিত হয়েছে, শনা এক্স এর সাইক্লিক্যাল এভরিথিং***

***ইভেন্টের ছবি দেখুন এখানে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষ (Metropolitan Transportation Authority, MTA) লং আইল্যান্ড রেলরোড (Long Island Rail Road, LIRR) এলমন্ট-UBS এরিনা স্টেশনটি (Elmont-UBS Arena Station), যা প্রায় 50 বছরে প্রথম নতুন LIRR স্টেশন, এখন ইভেন্টের দিনগুলিতে UBS এরিনা থেকে পূর্বমুখী ও পশ্চিমমুখী উভয় ট্রেনকে স্থান দিতে পারবে এবং 2022 সালের শেষের দিকে পূর্ণকালীন সারা বছরের সেবাদান শুরু করতে পারবে। আজকে থেকে শুরু করে, লং আইল্যান্ডের অধিবাসীরা যারা বেলমন্ট পার্কের পূর্বে বাস করে, তাদের জন্য UBS এরিনার ইভেন্টগুলি পর্যন্ত সরাসরি এক-সিটের যাত্রার সুযোগ থাকবে। এটি ভ্রমণের সময় কমিয়ে দেবে এবং লং আইল্যান্ডে যানজট কমাতে সাহায্য করে গণ পরিবহন ব্যবহার করে এমন ইভেন্টে অংশগ্রহণকারীদের সংখ্যা বৃদ্ধি করবে বলে আশা করা হচ্ছে। যারা নিউ ইয়র্ক সিটি থেকে যাত্রা করবে তারা এখন সরাসরি ইভেন্টের পর বহু ট্রেনে করে সরাসরি ফেরত আসতে পারবে, গত বছরের মতো কুইন্স ভিলেজ স্টেশন (Queens Village Station) পর্যন্ত একটি শাটল বসে উঠতে হবে না।

"বিশ্বমানের এলমন্ট-UBS এরিনা স্টেশনে আধুনিক ও অ্যাক্সেসিবল উভয় প্ল্যাটফর্ম খুলতে পৰ লং আইল্যান্ড এবং নিউ ইয়র্ক স্টেটের জন্য একটি বিজয়," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্কবাসীরা এখন আইল্যান্ডার্স খেলা দেখতে ও কনসার্ট দেখতে যাওয়ার সময় একটি মসৃনতর যাত্রা উপভোগ করতে পারবে, এবং আমি এম্পায়ার স্টেটের প্রতিটি কোণায় এরকম রূপান্তরকারী প্রকল্প নিয়ে আসা অব্যাহত রাখতে উন্মুখ।"

"অবকাঠামোই স্টেট এবং লং আইল্যান্ডের জন্য সামাজিক ও অর্থনৈতিকভাবে উন্নতি লাভ করা সম্ভব করে," **বলেন লেফটেন্যান্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো।** "মেইন লাইন থার্ড ট্র্যাক (Main Line Third Track), গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসন (Grand Central Madison) এবং এই নতুন এলমন্ট-UBS এরিনা স্টেশনের মতো প্রকল্পের দ্বারা, নিউ ইয়র্ক লং আইল্যান্ডের অধিবাসী এবং দর্শনার্থীদের একটি আধুনিক, বিশ্বমানের, স্থিতিস্থাপক রেলরোড সিস্টেম প্রদান করছে যা ট্র্যাফিক জ্যাম কমাতেও সাহায্য করবে।"

নতুন স্টেশনের নির্মাণে LIRR এবং MTA-র কোনও খরচ হচ্ছে না। এরিনার ডেভেলপারগণ এবং নিউ ইয়র্ক স্টেট অংশীদারিত্ব করেছে আনুমানিক 105 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পটির সম্পূর্ণ অর্থায়ন করার জন্য। মোট খরচের 90 শতাংশের বেশি প্রদান করেছে এরিনা ডেভেলপারগণ এবং বাকি অংশ নিউ ইয়র্ক স্টেট প্রদান করেছে। স্টেটের অবদান এই প্রকল্পটি যেই রাজস্ব সৃষ্টি করবে বলে আশা করা যাচ্ছে তার সামান্য একটি অংশ। এই প্রকল্পটি দেখায় যে সরকারি-বেসরকারি অংশীদারীত্ব গণপরিবহন খাতে রূপান্তরকারী পরিবর্তন আনতে পারে।

এলমন্ট-UBS এরিনা স্টেশনে রয়েছে দুইটি 12-কার দীর্ঘ, হাইলেভেল ছাউনিসহ প্ল্যাটফর্ম, USB চার্জিং স্টেশন, হেল্প পয়েন্ট, সিকিউরিটি ক্যামেরা, ট্রেন আসার তথ্য দেখানো ডিজিটাল সাইন, ওয়াইফাই, এবং প্ল্যাটফর্মের কংক্রিটে বসানো একটি অত্যাধুনিক তুষার গলানোর ব্যবস্থা যা নিশ্চিত করবে যে শীতকালীন ঝড়ের সময় এগুলি তুষার ও বরফমুক্ত থাকবে। নতুন স্টেশনটি আমেরিকানস উইথ ডিজেবিলিটিজ অ্যাক্ট (Americans with Disabilities Act, ADA) সম্পূর্ণভাবে মেনে চলে, এখানে রোয়েসে আরো বিস্তৃত পথচারী ওভারপাস যা নকশা করা হয়েছে বড় ভিড়কে জায়গা প্রদান করার জন্য এবং প্রত্যেক প্ল্যাটফর্মের জন্য একটি করে মোট দুইটি এলিভেটর।

**MTA প্রধান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জ্যানো লিবার বলেন,** "UBS এরিনা গত ফল মৌসুমে খুলে দেওয়ার পর থেকে এর সময়সূচি বড় বড় ইভেন্ট দিয়ে ভরা ছিলো এবং যেহেতু উভয় প্ল্যাটফর্ম এখন সেবাদান করছে তাই নিউ ইয়র্কবাসীদের আইল্যান্ডার্স খেলা, কনসার্ট এবং আরো অন্যান্য ইভেন্ট দেখতে যাওয়ার জন্য সরাসরি রেলরোড ব্যবহারের সুযোগ থাকবে। থার্ড ট্র্যাকের কাজ শেষ হওয়া এবং গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনালের (Grand Central Terminal) সেবা শুরু হওয়ার সাথে মিলে, এই সময়মতো ও বাজেটের মধ্যে শেষ হওয়া এলমন্ট প্রকল্পটি প্রদর্শন করে যে কীভাবে আমরা LIRR গ্রাহকদের জন্য সেবা, সুবিধা ও বিকল্প নাটকীয়ভাবে বৃদ্ধি করছি।"

**লং আইল্যান্ড রেল রোডের অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট এবং মেট্রো-নর্থ রেলরোডের প্রেসিডেন্ট ক্যাথরিন রিনাল্ডি বলেন,** "MTA লং আইল্যান্ডের ভবিষ্যতে মেইন লাইনের থার্ড ট্র্যাক, পেন স্টেশনে একটি নতুন LIRR কনকোর্স, এবং গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসন একটি নতুন

টার্মিনালের মতো মেগা প্রকল্পে ব্যাপক বিনিয়োগ করেছে। এলমন্ট-UBS এরিনা স্টেশনটি একটি উদাহরণ যে স্থানীয় অবকাঠামোতে বিনিয়োগ করলে তা কত দারুণ একটি ব্যাপার হতে পারে।যেহেতু উভয় প্ল্যাটফর্ম এখন খুলে দেওয়া হয়েছে তাই এটি মানুষের জন্য এরিনার ইভেন্টে যাওয়ার একটি নতুন বিকল্প সৃষ্টি করেছে এবং এটি স্থানীয় রাস্তায় ট্র্যাফিক কমিয়ে পরিবেশও উন্নত করবে।"

**MTA নির্মাণ ও বিকাশের (MTA Construction & Development) প্রেসিডেন্ট জেমি টোরেস-স্প্রিঙ্গার বলেন,** "এটি প্রায় 50 বছরে প্রথম নতুন LIRR স্টেশন, যার কাজ সময়মতো এবং বাজেটের মধ্যে শেষ হয়েছে। উদ্ভাবনী নির্মাণ পদ্ধতি এবং জেদি প্রকল্প ব্যবস্থাপনার কল্যাণে, আমরা নতুন আইল্যান্ডার্সের মৌসুমের আগেই এলমন্ট-UBS এরিনা স্টেশনটিকে দ্বিমুখী সেবার জন্য প্রস্তুত করার আমাদের প্রতিশ্রুতি পূরণ করতে পারছি।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) বোর্ড চেয়ারম্যান কেভিন ল বলেন,** "এলমন্ট-UBS এরিনা স্টেশনে পশ্চিমমুখী ও পূর্বমুখী উভয় প্ল্যাটফরম কার্যকর হওয়ার ফলে, তা লং আইল্যান্ডের অধিবাসীদের জন্য সেবা উন্নত করবে এবং যাত্রীদের এই এলাকার ব্যবসা ও UBS এরিনার ইভেন্টের সাথে যুক্ত করে দিয়ে অর্থনৈতিক কর্মকাণ্ডের সূচনা করবে। গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, নিউ ইয়র্ক স্টেট রেলরোডগুলিতে এবং সাবওয়েতে আধুনিকায়িত ও উন্নত সেবা প্রদান অব্যাহত রাখবে যা নিউ ইয়র্কবাসীদের সচল রাখবে কারণ অর্থনৈতিক প্রবৃদ্ধি ও নির্ভরযোগ্য গণপরিবহন হাতে হাত রেখেই চলে।"

**স্টেটের সিনেটর লেরোয় কমরি বলেন,** "যেহেতু আমরা আমাদের স্টেটকে আরো বেশি টেকসই ও পরিবেশবান্ধব ভবিষ্যতের দিকে নিয়ে যেতে কাজ করছি, তাই এলমন্ট-UBS এরিনা স্টেশনের 50 বছরের মধ্যে সবথেকে নতুন LIRR স্টেশনে পশ্চিমমুখী সেবা শুরু হলে তা ভেন্যু পর্যন্ত এক সিটের যাত্রা প্রদান করবে যা জ্যাম কমাবে এবং গণপরিবহনের ব্যবহারকে উৎসাহিত করবে। ট্রানজিট বিনিয়োগ করতে তা এমন সুবিধা নিয়ে আসে যা স্থানীয় সম্প্রদায়সমূহের জন্য স্থায়ী হয় এবং নিউ ইয়র্কে পরিবহনকে পুনঃকল্পনা করার জন্য সরকারি-বেসরকারি অংশীদারিত্ব একটি প্রয়োজনীয় ধাপ। আমি গভর্নর হোকল, UBS এরিনা পার্টনার্স এবং একইসাথে আমার সহকর্মী ও আমার সাথে ঘনিষ্ঠভাবে কাজ করা MTA/LIRR দলগুলির, এবং সবথেকে গুরুত্বপূর্ণ, স্থানীয় সম্প্রদায়গুলির প্রশংসা করতে চাই, এই স্টেশনটিকে ধারণা থেকে বাস্তবে পরিণত করার জন্য।"

**স্টেটের সিনেটর আনা এম. কাপলান বলেন,** "নতুন এলমন্ট স্টেশনটি আমাদের সম্প্রদায়ে একটি অতি গুরুত্বপূর্ণ বিনিয়োগ যা আইল্যান্ডার ভক্তদের খেলা দেখতে ট্রেনে যাতায়াত করতে দিবে, এবং অবশেষে এলাকার বাসিন্দাদের LIRR মেইন লাইনে একটি পূর্ণকালীন স্টপ প্রদান করবে। নতুন স্টেশনটি একটি উজ্জ্বল উদাহরণ যে লং আইল্যান্ডের অবকাঠামোতে বিনিয়োগ করলে আমরা কত দারুণ কাজ করতে পারি, এবং এটি সেই সকল কর্মীদের সাক্ষী যারা এটি সময়মতো ও বাজেটের মধ্যে শেষ করার জন্য পুরো মহামারীর সময় কাজ করে গেছে।"

**অ্যাসেম্বলি সদস্য মিশেল সি. সোলাজেস বলেন,** "LIRR এলমন্ট-UBS এরিনা স্টেশনে দ্বিমুখী প্রতিদিনের সেবার শুরু হলে, আমরা বাসিন্দাদের পক্ষে একটি বহুদিনের প্রতীক্ষিত লক্ষ্য

সম্পূর্ণভাবে অর্জনের আরো কাছাকাছি চলে যাবো। এর শুরু থেকেই, আমরা এই পুনর্গঠন প্রকল্পকে এলমন্টের সম্প্রদায়ের জন্য একটি ইতিবাচক অভিজ্ঞতা বানানোর চেষ্টা করেছি, এবং এই পরিবর্তনগুলি LIRR এর সার্বিক দক্ষতা ও সুবিধাকে শুধুই উন্নত করবে। আমরা ইভেন্টগুলিতে এই এক-সিটের যাত্রার জন্য উৎসাহিত এবং যাত্রীরা সারা বছর নির্ভর করতে পারবে এমন পূর্ণসেবার স্টেশনটি পাওয়ার জন্য উন্মুখ।"

**UBS এরিনার (UBS Arena) প্রেসিডেন্ট কিম স্টোন বলেন,** "মাত্র 30 মিনিটে ভক্তরা সুবিধাজনকভাবে লং আইল্যান্ড রেলরোড দ্বারা পেন স্টেশন থেকে UBS এরিনাতে আসতে পারবে। ইভেন্টের দিনগুলিতে এলমন্ট-UBS এরিনা স্টেশনের নতুন পূর্বমুখী ও পশ্চিমমুখী সেবার ফলে, নিউ ইয়র্কের আরো বেশি অংশ থেকে এখন আমাদের দারুণ ভেন্যুতে যাওয়া আসার সুযোগ রয়েছে। গভর্নর হোকল, লেফটেন্যান্ট গভর্নর ডেলগাডো, সিনেট আইনসভা এবং লং আইল্যান্ড রেলরোডের সকল পরিশ্রমী নারী পুরুষকে অনেক ধন্যবাদ।"

**LIRR যাত্রী পরিষদের (LIRR Commuter Council) প্রধান এবং MTA বোর্ড সদস্য জেরার্ড ব্রিংম্যান বলেন,** "এলমন্ট স্টেশনে আজকে শুরু হওয়া ইভেন্টের জন্য দ্বিমুখী সেবা হলো 50 বছরে প্রথম নতুন LIRR স্টেশনের জন্য পরবর্তী গুরুত্বপূর্ণ ধাপ, যা আইল্যান্ডার্সের 50 বছর পূর্তি মৌসুমের শুরুর সময়ের সাথে কাকতালীয়ভাবে মিলে গেছে। নতুন স্টেশন এবং UBS এরিনার যাত্রীদের উদযাপনের অনেক বিষয় রয়েছে, এবং ইস্ট সাইড অ্যাক্সেসের কাজ শেষ হয়ে গেলে, আমরা সম্প্রদায়ের জন্য নিয়মিত সেবাও দেখতে পারবো। এই স্টেশনটি এই বছরে আসন্ন অনেক বড় LIRR উন্নয়নের একটি, যা আরো বেশি লং আইল্যান্ডের অধিবাসীর জন্য ট্রানজিটকে প্রথম পছন্দ বানাতে সাহায্য করবে এবং এই অঞ্চল এবং আশেপাশের মানুষকে লং আইল্যান্ডে যাওয়ার সময় ট্রেন ব্যবহারে উৎসাহিত করবে। যাত্রী ফেরত আনার সেরা উপায় হলো তাদের জন্য বিনিয়োগ করতে থাকা, তাদের চাহিদা পূরণের জন্য এলমন্টের মতো নতুন স্টেশন ও অন্যান্য পরিষেবা নিয়ে আসা।"

**স্মার্ট পরিবহন ডিভিশনের (SMART Transportation Division) GO-505 জেনারেল চেয়ারম্যান অ্যান্থনি সাইমন বলেন, "**নতুন এলমন্ট স্টেশনটি MTA/LIRR-র যাত্রী অভিজ্ঞতা এবং বিশেষ ইভেন্টের সেবা উভয় উন্নত করার প্রতিশ্রুতির আরো একটি উদাহরণ। পশ্চিমমুখী প্লাটফর্মের সংযোজন স্টেশনটির সুবিধা পরিপূর্ণ করলো এবং এটি UBS এরিনা থেকে যাওয়া আসা করার আরো বিকল্প প্রদান করবে। আমরা আমাদের সকল পরিশ্রমী ইউনিয়ন ভাই বোনদের আরো একটি সফল অবকাঠামো জন্য ধন্যবাদ জানাচ্ছি। গভর্নর হোকলকে ধন্যবাদ MTA/LIRR যাত্রীদের প্রতি এবং এরা যেই সম্প্রদায়ে সেবাদান করে তাদের প্রতি তার অব্যাহত সমর্থন ও প্রতিশ্রুতির জন্য।"

**আইল্যান্ডার্সের সহমালিক জন লেডেকি বলেন,** "এলমন্ট স্টেশন UBS এরিনাতে যাওয়া আসা করা হকি ও সঙ্গীতপ্রেমীদের একটি অত্যাবশ্যকীয় পরিবহন বিকল্প প্রদান করে। আমাদের ভক্তদের খেলা দেখতে যাওয়ার জন্য ট্রেনে করে যাওয়া সবথেকে টেকসই উপায়, এটি দ্রুত, একটি দক্ষ, এটি কার্যকর এবং এটি পেন স্টেশন থেকে যেতে মাত্র 30 মিনিট সময় নেয়।"

স্টেশনটিতে রয়েছে আজকে উন্মোচিত একটি শিল্পকর্ম যার শিরোনাম সাইক্লিক্যাল এভরিথিং (Cyclical Everything) এবং এর শিল্পী শনা এক্স। শিল্পকর্মটির পুরোটি একটি ওভাল মোটিফ ব্যবহার করে যা কাছের রেসট্র্যাক এবং এরিনার এবং একইসাথে এলমন্টের বিবর্তনকারী ও রূপান্তরকারী প্রকৃতির এবং এই ঐতিহাসিক আকর্ষণের আশেপাশে অবস্থিত অনেক অনন্য সংস্কৃতির প্রতিনিধিত্ব করে। সাউথ প্ল্যাটফর্মের রেলিংয়ে বসানো এবং নর্থ প্ল্যাটফর্মের র‍্যাম্পে বসানো ধাতব প্যানেল, গাঢ় কালো লাইন ব্যবহার করে ছন্দময় অবস্থা ধারণ করে। স্টেশনের ওভারপাসটি দশটি উজ্জ্বল রঙের ল্যামিনেটেড কাঁচের প্যানেলের একটি সিরিজ দ্বারা প্রাণবন্ত করা হয়েছে যা গতিময় বস্তু চিত্রিত করে, এটি কাছের নতুন নির্মিত UBS এরিনার মিউজিসিয়ান, অ্যাথলেট এবং পারফর্মারদের উল্লেখ করে।

এলমন্ট-UBS এরিনা স্টেশনটি সেবা শুরু করেছে একদম নতুন UBS এরিনাতে 2021 সালের নভেম্বরে নিউ ইয়র্ক আইল্যান্ডার্সের প্রথম হোম খেলার একই সময়ে। একই সাথে, ভেন্যুটি স্টেশনের কাছের আশেপাশের এলাকায় এবং এর ক্যাম্পাসে অতিরিক্ত ক্যাপিটাল বিনিয়োগে বিনিয়োগ করেছে যাতে সাইটে থাকা অবস্থায় অতিথি অভিজ্ঞতা আরো সুন্দর হয়। এছাড়া তারা দল ও ভেন্যু অংশীদারদের সাথে একত্রে কাজ করবে ভক্তদের জন্য একাধিক ধরনের ভিন্ন ভিন্ন প্রণোদনা প্রদান করতে যাতে তাদের পুরো মৌসুমে ট্রেনে করে UBS এরিনাতে আসতে উৎসাহ প্রদান করা যায়।

যখন এই বছরের শেষে গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসনে LIRR সেবা শুরু হবে,তখন এলমন্ট-UBS এরিনা স্টেশনটি হেম্পস্টিড শাখার একটি পূর্ণকালীন স্টেশন হয়ে যাবে এবং বছরে 365 দিন সেবাদান করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418